

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫০৯১  
ধর্মনগর, ৬ মার্চ, ২০২৪

পদ্মপুরে স্থী ওয়ান স্টপ সেন্টারের উদ্বোধন

**ওয়ান স্টপ সেন্টার নারীদের সুরক্ষিত রাখার একটি প্রয়াস : সমাজকল্যাণ মন্ত্রী**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিকশিত ভারত গড়ে তোলার উদ্যোগ নিয়েছেন। বিকশিত ভারত গড়ে তুলতে হলে নারী ও শিশুদের সুরক্ষিত রাখতে হবে। আজ ধর্মনগরের পদ্মপুরে স্থী ওয়ান স্টপ সেন্টারের নবনির্মিত দ্বিতল ভবনের উদ্বোধন করে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের মন্ত্রী টিক্সু রায় এ কথা বলেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি আরও বলেন, ওয়ান স্টপ সেন্টার নারীদের সুরক্ষিত রাখার একটি প্রয়াস। ভারতবর্ষে মায়েরা সর্বোচ্চ আসনে রয়েছে। এটা এদেশের সংস্কৃতি ও কৃষ্ট। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এদেশের নারী, যুবক, কৃষকদের সমৃদ্ধির জন্য ও সম্মান বৃদ্ধির জন্য বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছেন। দেশের রাষ্ট্রপতি, অর্থমন্ত্রী ও অন্যান্য উচ্চ পদে আসীন রয়েছে নারীরা। এটাই পরিবর্তিত ভারত যেখানে নারীরা বিভিন্ন ক্ষেত্রে নিজেদের প্রতিভাকে তুলে ধরেছেন। শ্রীরায় আরও বলেন, ত্রিপুরায়ও নারীদের সমৃদ্ধিশালী করার জন্য বিভিন্ন উদ্যোগ নেওয়া হয়েছে। স্বসহায়ক দলগুলির মাধ্যমে মহিলাদের স্বাবলম্বী করে তোলার জন্য চলতি অর্থবছরে ৩০০ কোটিরও বেশী টাকা ঋণ দেওয়া হয়েছে। যাতে মহিলারা স্বনির্ভর হতে পারেন।

অনুষ্ঠানে ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন বলেন, বর্তমান সরকার নারী ও শিশুদের উন্নয়নে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করছে। বাল্যবিবাহ বন্ধ করার জন্য তিনি সকলকে এগিয়ে আসার আহ্বান জানান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক দেবপ্রিয় বৰ্ধন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি ভবতোষ দাস, ধর্মনগর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মঞ্জু নাথ, সমাজসেবী শ্যামল নাথ প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন প্রদ্যুৎ দে সরকার। উল্লেখ্য, যে স্থি ওয়ানস্টপ সেন্টারের এই নবনির্মিত দালান বাড়ি নির্মাণে ব্যয় হয়েছে ৪৬ লক্ষাধিক টাকা।

\*\*\*\*\*